

৩৬৬
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

অমৃতসর
২ সেপ্টেম্বর, ১৮৯৭

অভিনন্দয়েষু,

যোগেন এক পত্র বাগবাজারে ... বাটা ২০,০০০ টাকায় ... কিনিতে বলেন। ... ঐ বাড়ি কিনিলেও বেশ হাঙ্গামা আছে, যথা -- ভেঙেচুরে বৈঠকখানাটিকে একটি হল করা এবং অন্যান্য বন্দোবস্ত করা। আবার ঐ বাটা অতি প্রাচীন ও জীর্ণ। যাহা হউক গিরিশবাবু ও অতুলের সঙ্গে পরামর্শ করিয়া যাহা ভাল হয় করিবে। আমি সদলে অদ্য কাশ্মীরে চলিলাম দুইটার গাড়িতে। মধ্যে ধর্মশালা পাহাড়ে যাইয়া শরীর অনেক সুস্থ হইয়াছে এবং টনসিল, জ্বর প্রভৃতি একেবারে আরাম হইয়া গিয়াছে। ...

তোমার এক পত্রে সকল সমাচার জ্ঞাত হইলাম। নিরঞ্জন, লাটু, কৃষ্ণলাল, দীননাথ, গুপ্ত ও অচ্যুত আমার সঙ্গে কাশ্মীর যাইতেছে।

মাদ্রাজ হইতে যে ব্যক্তি famine work-এ (দুর্ভিক্ষ-সেবাকার্যে) ১৫০০ টাকা দিয়াছে, সে চায় যে, তাহার বিশেষ টাকা কি কি খরচে গেল -- তাহার একটি তালিকা। উহা তাহাকে পাঠাইবে। আমরা এক রকম আছি ভাল। ইতি

বিবেকানন্দ

পুঃ -- মঠের সকলকে আমার ভালবাসা দিবে।